

'রেইনকোট'

জ্ঞানমূলক প্রশ্নোত্তর

১। প্রশ্ন: 'বর্ষাকালেই তো জুৎ'-কথাটি কে বলেছিল?

উ: 'বর্ষাকালেই তো জুৎ'- কথাটি বলেছিল কুলির বেশধারী এক মুক্তিযোদ্ধা।

২। প্রশ্ন: 'উও আপ হি কহ সকতা।'- উক্তিটি কার?

উ: 'উও আপ হি কহ সকতা।'- উক্তিটি প্রিনসিপ্যালের পিওন ইসহাক মিয়ার।

৩। প্রশ্ন: 'সেই চোখ ভরা ভয়, কেবল ভয়' - 'রেইনকোট' গল্পে কোন চোখের কথা বলা হয়েছে?

উ: 'সেই চোখ ভরা ভয়, কেবল ভয়' - 'রেইনকোট' গল্পে বাসের তথাকথিত ক্রিমিনাল লোক দুটোর মধ্যে সর্দার টাইপের লোকের চোখের কথা বলা হয়েছে।

৪। প্রশ্ন: 'রেইনকোট' গল্পটি কার লেখা?

উ 'রেইনকোট' গল্পটি লিখেছেন আখতারুজ্জামান ইলিয়াস।

৫। প্রশ্ন: 'রেইনকোট' গল্পের কথকের নাম কী?

উ: 'রেইনকোট' গল্পের কথকের নাম নুরুল হুদা।

৬। প্রশ্ন: 'রেইনকোট' গল্পটি কত সালে প্রকাশিত হয়?

উ: 'রেইনকোট' গল্পটি ১৯৯৫ সালে প্রকাশিত হয়।

৭। প্রশ্ন: 'মিসক্রিয়ান্ট' শব্দের অর্থ কী?

উ: 'মিসক্রিয়ান্ট' শব্দের অর্থ-দুষ্কৃতকারী

৮। প্রশ্ন: উর্দুর প্রফেসরের নাম কী?

উ: উর্দুর প্রফেসরের নাম আকবর সাজিদ।

৯। প্রশ্ন: নুরুল হুদার শ্যালকের নাম কী?

উ: নুরুল হুদার শ্যালকের নাম মিন্টু।

১০। প্রশ্ন: 'রেইনকোট' গল্পে কখন থেকে বৃষ্টি হচ্ছে?

উ: 'রেইনকোট' গল্পে ভোররাত থেকে বৃষ্টি হচ্ছে।

১১। প্রশ্ন: নুরুল হুদা কোন বিষয়ের লেখক?

উ: নুরুল হুদা কেমিস্ট্রি বিষয়ের লেখক।